হরিণাকুণ্ডুতে খাল সংস্কার কর্মসুচীর উদ্বোধন

বর্তমান সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়ন, পানি নিষ্কাশন ও কৃষকের সেচ সুবিধা নিশ্চিতে ঝিনাইদহের হরিণাকুন্ডুতে দুটি খাল সংস্কার কাজের উদ্বোধন করা হয়েছে।

শনিবার (১১ এপ্রিল) সকালে উপজেলার ভায়না গ্রামের জটারখাল ও কিসমত ঘোড়াগাছা গ্রামের কাটাখালের সংস্কার কাজের উদ্বোধন করে জেলা পরিষদের প্রশাসক এ্যাড.এম এ মজিদ। সেসময় উপজেলা নির্বাহী কর্মকর্তা দিদারুল আলম, পিআইও আজিজুর রহমান, উপজেলা বিএনপির সভাপতি আবুল হাসান মাস্টার, সাধারণ সম্পাদক তাইজাল হোসেন, জেলা যুবদলের সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম পিন্টুসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ইজিপিপি কর্মসূচির আওতায় ৬ দশমিক ২৪ কিলোমিটার এই খাল দুটি সংস্কারে ব্যয় ধরা হয়ে ১ কোটি ৬২ লাখ টাকা।

ঝিনাইদহে অ্যাথলেটিকস প্রতিযোগিতার সমাপনী ও মাসব্যাপী প্রশিক্ষণের উদ্বোধন

ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি ২০২৫-২০২৬ এর আওতায় ঝিনাইদহ জেলা ক্রীড়া অফিসের আয়োজনে দিনব্যাপী (অনূর্ধ্ব-১৬) অ্যাথলেটিকস ও গ্রামীণ খেলাধুলা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়াম মাঠে খেলার উদ্বোধন করা হয়। খেলা শেষে বিভিন্ন ইভেন্টের ১ম, ২য় ও ৩য়

বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

উক্ত প্রতিযোগিতায় ৮ টি স্কুল অংশগ্রহণ করে। একই দিনে মাসব্যাপী অ্যাথলেটিকস প্রশিক্ষণের (অনূর্ধ্ব-১৪) উদ্বোধন করা হয়।

উক্ত অ্যাথলেটিকস প্রতিযোগিতার পুরস্কার বিতরণ ও মাসব্যাপী অ্যাথলেটিকস প্রশিক্ষণের উদ্বোধন অনুষ্ঠানে জেলা ক্রীড়া অফিসার আমানুল্লাহ আহমেদ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা তথ্য অফিসার মো: আব্দুর রউফ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত, জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি আহসানুজ্জামান ঝন্টু, মো: আবু বকর সিদ্দিক অধ্যক্ষ, ভুটিয়ারগাতি আলিম মাদ্রাসা, বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ, দর্শনার্থীবৃন্দ।

মাসব্যাপী (২১ টি সেশনে) অ্যাথলেটিকস প্রশিক্ষণে বিভিন্ন প্রতিষ্ঠানের ৩৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে।

ঝিনাইদহে চিকিৎসকের অবহেলায় প্রসূতির মৃত্যুর অভিযোগ

ঝিনাইদহে চিকিৎসকের অবহেলায় আসমা হক নামের এক প্রসূতির মৃত্যুর অভিযোগ উঠেছে। পরিবারের সদস্যদের দাবি, সময়মতো সঠিক চিকিৎসা ও পর্যাপ্ত নজরদারি পেলে ওই প্রসূতির প্রাণ বাঁচানো সম্ভব ছিল।

গতকাল বুধবার দিবাগত রাত সাড়ে ১২টার দিকে জেলা শহরের শামীমা ক্লিনিকে এ ঘটনা ঘটে।

জানা গেছে, গত ৪ এপ্রিল প্রসবব্যথা নিয়ে শামীমা ক্লিনিকে ভর্তি হন আসমা। পরে সেখানে তার সিজার করা হয়। সিজারের পর নবজাতক সুস্থ থাকলেও আসমার শারীরিক অবস্থা খারাপ হতে থাকে। এর মধ্যেই হাসপাতাল কর্তৃপক্ষ তাকে ছাড়পত্র দিয়ে দেয়।

স্বজনরা বুধবার দুপুরে তাকে বাড়িতে নিয়ে গেলে তিনি আরও অসুস্থ হয়ে পড়েন। পরে তাকে আবারও রাতে শামীমা ক্লিনিকে ভর্তি করা হয়। এরপর চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

আসমার চাচা আমির হোসেন অভিযোগ করে বলেন, ভর্তি করার পর দীর্ঘ সময় চিকিৎসক উপস্থিত ছিলেন না। যে ডাক্তারের সিজার করার কথা ছিল, তিনি সিজার করেননি। আমার ভাতিজিকে অসুস্থ অবস্থায় বাড়িতে পাঠিয়ে দেয় হাসপাতাল কর্তৃপক্ষ।

এরপর সে আরও অসুস্থ হয়ে পড়লে তাকে আবার হাসপাতালে নিয়ে আসি। সে সময় দায়িত্বরত নার্স ও চিকিৎসকরা কোনো ব্যবস্থা নেননি। এতে রোগীর অবস্থার অবনতি হলেও দ্রুত কোনো বিশেষজ্ঞ চিকিৎসকের ব্যবস্থা করা হয়নি।

অভিযোগের বিষয়ে ওই ক্লিনিকের মালিক ডা. শামীমা বলেন, “হৃদরোগে আক্রান্ত হয়ে ওই রোগীর মৃত্যু হয়েছে। এখানে হাসপাতাল কর্তৃপক্ষের কোনো দায় নেই।”

এ বিষয়ে ঝিনাইদহের সিভিল সার্জন ডা. কামরুজ্জামান বলেন, “প্রসূতি মৃত্যুর ঘটনা আমার জানা নেই। খোঁজ নিয়ে পরে বলতে পারবো।”

অভিযোগ উঠেছে, জেলা স্বাস্থ্য বিভাগের উদাসীনতায় একের পর এক প্রসূতি ও নবজাতকের মৃত্যুর ঘটনা ঘটছে। এ বিষয়ে সংশ্লিষ্ট ক্লিনিক-হাসপাতালের বিরুদ্ধে দৃশ্যমান কোনো ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না বলেও অভিযোগ রয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্টদের নজরদারির দাবি জানিয়েছেন জেলার সচেতন নাগরিক সমাজের প্রতিনিধিরা।

ঝিনাইদহে পূর্বপুরুষদের আত্মার শান্তি কামনায় ধর্মযাত্রা

পূর্বপুরুষদের আত্মার শান্তি কামনায় এক ব্যতিক্রমধর্মী ধর্মযাত্রায় বের হয়েছেন পাবনার ঈশ্বরদী উপজেলার মুলাডুলি এলাকার বাসিন্দা সরোজিত কর্মকার।

নিজ বাড়ি থেকে যাত্রা শুরু করে তিনি বিভিন্ন এলাকায় ঘুরে ঘুরে গীতা পাঠ ও ধর্ম প্রচার করে এখন ঝিনাইদহে পৌচেছেন।

মঙ্গলবার রাতে ঝিনাইদহ শহরের গিলাবাড়িয়া শিব মন্দির প্রাঙ্গণে

তিনি গীতা পাঠ করেন। এ সময় স্থানীয় ভক্ত ও এলাকাবাসীর উপস্থিতিতে ধর্মীয় আবহ সৃষ্টি হয়। গীতা পাঠের মাধ্যমে তিনি মানুষের মাঝে নৈতিকতা ও ধর্মীয় চেতনা জাগ্রত করার আহ্বান জানান।

সরোজিত কর্মকার জানান, তার এই উদ্যোগের মূল উদ্দেশ্য হচ্ছে পূর্বপুরুষদের আত্মার শান্তি কামনা করা এবং সমাজে ধর্মীয় মূল্যবোধ ছড়িয়ে দেওয়া। তিনি বলেন, মানুষের মধ্যে আধ্যাত্মিক চর্চা বাড়লে সমাজে শান্তি ও সম্প্রীতি প্রতিষ্ঠা সহজ হবে। ধর্মযাত্রার অংশ হিসেবে তিনি ইতোমধ্যে কয়েকটি এলাকায় গীতা পাঠ করেছেন আগামী দিনগুলোতে মাগুরা জেলার বিভিন্ন স্থানসহ সদর উপজেলার আলমখালী এলাকায় যাওয়ার পরিকল্পনা রয়েছে। সেখানেও তিনি একইভাবে গীতা পাঠ ও ধর্ম প্রচার কার্যক্রম চালিয়ে যাবেন বলেও জানান তিনি।

শৈলকুপায় মুদি দোকানিকে কুপিয়ে যখম

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার হুদাকুশোবাড়িয়া গ্রামে আনোয়ার মন্ডল নামের এক মুদি দোকানিকে কুপিয়ে যখম করেছে প্রতিপক্ষরা।

মঙ্গলবার (৮ এপ্রিল) রাত ৯ টার দিকে উপজেলার আওধা বাজারে এ ঘটনা ঘটে। আহত আনোয়ার মন্ডল হুদাকুশোবাড়িয়া গ্রামের মৃত জনাব আলী মন্ডলের ছেলে। বর্তমানে তিনি মাগুরা সদর হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।

আহতের স্বজনরা জানায়, মঙ্গলবার রাত ৯ টার দিকে আনোয়ার মন্ডল তার দোকান বন্ধ করছিলেন। সেসময় হুদাকুশোবাড়িয়া গ্রামের ফারুক মন্ডল, সুমন মন্ডল, জামাল হোসেন, আতিক হোসেন, নিশান ও রবিউল মুন্সী আনোয়ারকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে গুরুতর যখম করে। সেখান থেকে তাকে উদ্ধার করে মাগুরা সদর হাসপাতালে ভর্তি করা হয়।

মারধরের ব্যাপারে ফারুক মন্ডল বলেন, আমি এমন কোন ঘটনাতো জানি না। তাই বলে ফোন কেটে দেন।

শৈলকুপা থানার ওসি ওসি হুমায়ুন কবির মোল্লাকে ফোন দিলে তিনি ফোন রিসিভ করেন নি। অপরদিকে লাঙ্গলবাধ ক্যাম্পের আইসি এস আই আনিসুজ্জামানের ফোন বন্ধ পাওয়া যায়।

ঝিনাইদহের নতুন ডিসি নোমান হোসেন

খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা (উপসচিব) মো. নোমান হোসেনকে ঝিনাইদহের জেলা প্রশাসক (ডিসি) ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট পদে নিয়োগ দেওয়া হয়েছে।

মঙ্গলবার (৭ এপ্রিল) এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। মহামান্য রাষ্ট্রপতির আদেশক্রমে প্রজ্ঞাপনে স্বাক্ষর করেছেন মোঃ ইসমাইল হোসেন।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

এর আগে ঝিনাইদহের বর্তমান জেলা প্রশাসক আব্দুল্লাহ আল মাসউদকে প্রত্যাহার করা হয়েছে বলে জানাগেছে। উল্লেখ, বেশ কয়েকদিন ধরে সামাজিক যোগাযোগ মাধ্যমে আব্দুল্লাহ আল মাসুদকে নিয়ে নেতিবাচক খবর প্রকাশিত হয়।

এবং সর্বশেষ ঝিনাইদহ সদর উপজেলার সদ্যবিদায়ী নির্বাহী অফিসার হোসনেয়ারার বদলির পর তার অডিও রের্কড ফাঁস হয়। এরপর দেশজুড়ে আলোচনায় আসে ঝিনাইদহের জেলা প্রশাসক আব্দুল্লাহআল মাসউদ।

ঝিনাইদহে বিশ্ব স্বাস্থ্য দিবস পালিত

স্বাস্থ্য সেবায় বিজ্ঞান, সুরক্ষিত সকল প্রাণ’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহে বিশ্ব স্বাস্থ্য দিবস পালন করা হয়েছে।

মঙ্গলবার (৭এপ্রিল) সকালে সিভিল সার্জন অফিসের সামনে থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়| পরে সিভিল সার্জন অফিসের সম্মেল কক্ষে হয় আলোচনা সভা। এতে সিভিল সার্জন ডা.মো. কামরুজ্জামান, সদর হাসপাতালের তত্বাবধায়ক ডা.মোস্তাফিজুর রহমান, সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা: মালিহা ইসলাম আইভি, ফারহানা তাসনিম, সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার আব্দুর রহমানসহ অন্যান্যরা বক্তব্য রাখেন|

বিজ্ঞানভিত্তিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করা গেলে সাধারণ মানুষের জন্য নিরাপদ ও টেকসই স্বাস্থ্যব্যবস্থা গড়ে তোলা সম্ভব উল্লেখ করে বক্তারা সচেতনতা বৃদ্ধি ও আধুনিক চিকিৎসা ব্যবস্থার প্রসারের ওপর গুরুত্বারোপ করেন।

ঝিনাইদহে ক্রীড়া দিবস উদযাপন

ক্রীড়া হলে পেশা পরিবার পাবে ভরসা, এবং গড়বো ক্রীড়ায় সেতুবন্ধন, করবো বাধা দূরীকরণ; এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহে জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া দিবস উদযাপিত হয়েছে|

জেলা প্রশাসন ও জেলা ক্রীড়া সংস্থার আয়োজনে আজ সোমবার সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়| পরে জেলা প্রশাসকের সম্মেলনে কক্ষে অনুষ্ঠিত হয় আলোচনা সভা।

এতে জেলা প্রশাসক আব্দুল্লাহ আল মাসউদ, অতিরিক্ত জেলা প্রশাসক সাইফুর রহমান, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা তারেক হাসান, জেলা

ক্রীড়া অফিসার আমানুল্লাহ আহমেদ, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি আসিফ ইকবাল মাখন, সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম লিটন, জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি আহসানুজ্জামান ঝন্টু, সাধারণ সম্পাদক তৌহিদুল ইসলাম সংগ্রাম, রেফারি এসোসিয়েশনের সাধারণ সম্পাদক শাহ মোহাম্মদ আব্দুল্লাহসহ অন্যান্যরা বক্তব্য রাখেন|

খেলাধুলা তরুণ প্রজন্মকে সুস্থ ও শৃঙ্খলাপূর্ণ জীবনধারায় গড়ে তোলে এবং তাদের বিপথগামিতা থেকে দূরে রাখতে কার্যকর ভূমিকা রাখে। উল্লেখ করে বক্তারা বলেন, ক্রীড়ার বিকাশে সম্মিলিত উদ্যোগের প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব দেন|

ঝিনাইদহে হামের প্রাদুর্ভাব, প্রতিদিন হাসপাতালে বাড়ছে শিশু ভর্তির সংখ্যা

ঝিনাইদহে হামের ব্যাপক প্রাদুর্ভাব দেখা দিয়েছে, প্রতিদিন হাম ও জ্বরের উপসর্গ নিয়ে বিভিন্ন হাসপাতালে বাড়ছে শিশু ভর্তির সংখ্যা। তবে এখন পর্যন্ত এই রোগে কোনো শিশুর মৃত্যুর খবর পাওয়া যায়নি।

সিভিল সার্জন কার্যালয়ের হামের সাথে সংশ্লিষ্ট চিকিৎসক ডা. ফারহানা জানান , ঝিনাইদহ সদর হাসপাতালে হাম ও জ্বরে আক্রান্ত হয়ে বর্তমানে ভর্তি রয়েছে ৫জন, শিশু হাসপাতালে ৮জন এবং কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে দুইজন শিশু ভর্তি রয়েছে। গত ২৪ ঘন্টায় সদর হাসপাতালে চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছে ৩জন এবং শিশু হাসপাতালে ২৪ ঘন্টায় চিকিৎসা নিয়ে বাসায় ফিরেছে ২জন শিশু, বাকিরা চিকিৎসাধীন রয়েছে।

চিকিৎসকদের মতে, আক্রান্ত শিশুদের প্রথমে জ্বর ও কাশি দেখা দেয়, পরে শরীরের বিভিন্ন স্থানে হামের ফুসকুড়ি ওঠে। ভর্তি শিশুদের প্রয়োজনীয় চিকিৎসা দেওয়া হচ্ছে।

রোগীর স্বজন হাসেম আলী জানান, হঠাৎ জ্বর ও শরীরে ফুসকুড়ি দেখা

দেওয়ায় শিশুদের হাসপাতালে নিতে হয়েছে। বর্তমানে তারা আগের চেয়ে কিছুটা সুস্থ।

ঝিনাইদহ শিশু হাসপাতালের কনসালটেন্ট ডা. জামিল হোসেন জানান, তার হাসপাতালে ৮জন শিশু ভর্তি রয়েছে। কিছু চিকিৎসা নিয়ে সুস্থ হয়ে বাড়ি ফিরছে। আমরা নিয়মিত চিকৎসা দিচ্ছি টিকার স্বল্পতার কারণে এই অবস্থা হয়েছে এবং আরও বাড়তে পারে।

সদর হাসপাতালের শিশু বিভাগের কনসালটেন্ট ডা. আনোয়ারুল ইসলাম বলেন, গত এক সপ্তাহে কয়েকজন শিশু হামের উপসর্গ নিয়ে ভর্তি হয়েছিল। বর্তমানে ৫ চিকিৎসাধীন রয়েছে এবং তাদের অবস্থা উন্নতির দিকে। তিনি বলেন, হাম সংক্রামক হলেও সচেতনতা ও চিকিৎসার মাধ্যমে নিয়ন্ত্রণ করা সম্ভব।

অভিভাবকদের শিশুদের পরিচ্ছন্নতা বজায় রাখা, নিয়মিত হাত ধোয়া এবং টিকাদান নিশ্চিত করার পরামর্শ দেওয়া হয়েছে।

ঝিনাইদহের সিভিল সার্জন ডা. মো. কামরুজ্জামান জানান, বিভিন্ন হাসপাতালে ভর্তি শিশুদের চিকিৎসা চলছে এবং চিকিৎসক ও নার্সদের বাড়তি নজর দিতে নির্দেশ দেওয়া হয়েছে।

মহেশপুরে বিদ্যুৎস্পৃষ্টে মামা-ভাগ্নের মৃত্যু

ঝিনাইদহের মহেশপুরে ধান ক্ষেতে কাজ করার সময় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে দুই কৃষকের মর্মান্তিক মৃত্যু হয়েছে। রোববার (৫ এপ্রিল) দুপুর আনুমানিক ১টার দিকে উপজেলার বাঁশবাড়িয়া ইউনিয়নের হেলেনচার মাঠে এ দুর্ঘটনা ঘটে। নিহতরা সম্পর্কে একে অপরের মামা-ভাগ্নে।

নিহত ব্যক্তিরা হলেন,বাগানমাঠ গ্রামের মৃত জমসেদ সরকারের ছেলে রফিকুল সরকার (৫৪) ও একই গ্রামের মৃত আবু সামার ছেলে নুর আলম বাবু (৩৫)।

স্থানীয় ও পারিবারিক সূত্রে জানা গেছে, রোববার দুপুর আনুমানিক

১টার দিকে রফিকুল সরকার নিজের ধানের জমিতে কীটনাশক ছিটাচ্ছিলেন। ওই জমির ওপর দিয়ে কোনো খুঁটি ছাড়াই মাটিতে ফেলে রাখা হয়েছিল স্থানীয় মাছ চাষি দুলাল সরকারের সেচ পাম্পের বৈদ্যুতিক সার্ভিস তার। অসাবধানতাবশত রফিকুল সরকার ওই তারে জড়িয়ে বিদ্যুৎস্পৃষ্ট হন।

এ সময় পাশের জমিতে থাকা ভাগ্নে নুর আলম বাবু মামাকে বাঁচাতে এগিয়ে গেলে তিনিও বিদ্যুতায়িত হন। এতে ঘটনাস্থলেই মামা-ভাগ্নে দুই জনের মৃত্যু হয়। পরে মাঠের অন্য কৃষকেরা তাদের পড়ে থাকতে দেখে রফিকুল সরকারের ছেলেকে খবর দেন। এরপর মটরের বিদ্যুৎ সংযোগ (কাট-আউট) বিচ্ছিন্ন করে স্থানীয়রা তাদের উদ্ধার করে বাড়িতে নিয়ে আসেন।

স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, মাছ চাষি দুলাল সরকার নিয়মনীতির তোয়াক্কা না করে খুঁটি ছাড়াই ধানের জমির মাঝ দিয়ে ঝুঁকিপূর্ণভাবে মটরের তার টেনেছেন। এর আগেও ওই তারে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে কুকুর, সাপ ও কুচে মরে পড়ে থাকতে দেখা গেছে। বারবার সাবধান করা সত্ত্বেও কোনো ব্যবস্থা না নেওয়ায় আজ দুটি তাজা প্রাণ অকালে ঝরে গেল।

মহেশপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী হাসান ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, খবর পাওয়ার পর দ্রুত ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। মৃতদেহ উদ্ধারসহ এ বিষয়ে প্রয়োজনীয় আইনি প্রক্রিয়া চলমান রয়েছে।

দুই কৃষকের এমন আকস্মিক মৃত্যুতে বাগানমাঠ গ্রামসহ পুরো এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।